



নং প্রপ্র/এইচ-১৩/২০১৭/ই- ৬৬৬

তারিখ : ১৬/০৮/২০১৮

অফিস আদেশ

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের Sub-Standard বাসার ভাড়া ও অন্যান্য বিষয়ে গত ১৬/০৮/২০১৮ তারিখে অনুষ্ঠিত ফাইন্যান্স কমিটির ২৮তম অধিবেশনের সুপারিশ, যা ১৮/০৮/২০১৮ তারিখে অনুষ্ঠিত সিডিকেট কর্তৃক অনুমোদিত উহা নিম্নে উদ্ধৃত করা হলো :

- কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী যদি বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী তাঁর পদমর্যাদার সাথে সামঞ্জস্যপূর্ণ বাসা সংশ্লিষ্ট গ্রুপে থাকা সত্ত্বেও ঐ বাসা পাওয়ার চেষ্টা না করেন অথবা আবেদন করে সুযোগ পেয়েও ইচ্ছাকৃতভাবে বড় বাসা না নিয়ে ছোট আয়তনের বাসায়/কক্ষ/সীটে (যার ভাড়া বর্গফুট/কক্ষ/সীট হিসেবে প্রদেয়) স্বাভাবিক বা অন্য কোন কারণে অবস্থান করেন, তবে তিনি কোন বাড়ী ভাড়া ভাতা পাবেন না এবং তাঁকে বর্গফুট/ কক্ষ /সীট হিসেবে আর কোন বাড়ী ভাড়াও দিতে হবে না।
- কোন এলোটি সাধারণভাবে তাঁর জন্য বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী সংশ্লিষ্ট গ্রুপে বড় বাসা (যার ভাড়া বর্গফুট/কক্ষ/সীট হিসেবে প্রদেয় নয়) থেকে ছোট আয়তনের বাসায়/কক্ষ/সীটে (যার ভাড়া বর্গফুট/কক্ষ/সীট হিসেবে প্রদেয়) যেতে পারবেন না। যদি কেউ স্বাভাবিক বা অন্য কোন কারণে এরূপ করেন তবে তাঁকে কোন বাড়ী ভাড়া ভাতা দেয়া হবে না এবং তাঁকে বর্গফুট/কক্ষ/সীট হিসেবে আর কোন বাড়ী ভাড়াও দিতে হবে না।
- কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী যদি বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী সংশ্লিষ্ট গ্রুপে কম আয়তনের বাসায় (যার ভাড়া বর্গফুট/কক্ষ/সীট হিসেবে প্রদেয়) বাধ্য হয়ে অবস্থান করেন (অর্থাৎ সংশ্লিষ্ট ব্যক্তি চেষ্টা/আবেদন করেও বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী তাঁর পদমর্যাদার সাথে সামঞ্জস্যপূর্ণ সংশ্লিষ্ট গ্রুপের বাসা বরাদ্দ না পান) তবে তাঁর নিকট থেকে নিম্নবর্ণিত হারে (যার জন্য যেটি প্রযোজ্য) বাসা ভাড়া কর্তন করা হবে এবং তাঁকে নিয়মানুযায়ী বাড়ী ভাড়া ভাতা প্রদান করা হবে।

২০১৮ সালে প্রস্তাবিত বর্গফুট/কক্ষ/সীট-এর ভাড়া

ক্রমিক নং	এলাকা/ভবন-এর বিবরণ	ভাড়ার হার (মাসিক)
১.	বকশী বাজার, চাকেশুরী ও পলাশী আবাসিক এলাকার পূর্ণ বাসা (যদি এলোটির জন্য বর্গফুট/কক্ষ/সীট হিসেবে প্রদেয় হয়)	১০.৪০ টাকা/ বর্গফুট
২.	৫২ নং অফিসার ডরমিটরী ভবন	৮.৮০ টাকা/ বর্গফুট
৩.	আজাদ আবাসিক এলাকার পূর্ণ বাসা (যদি এলোটির জন্য বর্গফুট/ কক্ষ/সীট হিসেবে প্রদেয় হয়)	৮.৮০ টাকা/ বর্গফুট
৪.	৬২ ও ৬৩ নং ভবন (এ বাসাগুলোতে কোন কমন এন্ট্রি নেই)	৬.৮০ টাকা/ বর্গফুট
৫.	৪৩ ও ৬১ নং ভবন, ১৪/আই-এল এবং ১৫/আই-এল (এ বাসাগুলোতে কোন কমন এন্ট্রি নেই)	৫.৬০ টাকা/ বর্গফুট
৬.	পলাশী আবাসিক এলাকার অর্ধাংশ বাসা (এ বাসাগুলোতে কমন এন্ট্রি আছে)	৫.০০ টাকা/ বর্গফুট
৭.	আজাদ আবাসিক এলাকার অর্ধাংশ বাসা (এ বাসাগুলোতে পূর্বে রান্নাঘর, টয়লেট ও কমন এন্ট্রি ছিল, বর্তমানে সম্পূর্ণ পৃথক করা হয়েছে)	৪.৩০ টাকা/ বর্গফুট

Sub-Standard (Office Order_2011)

email, info. N.B

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

প্রকৌশল অফিস

ফোন-৯৬৬৫৬১৯, পি.এ.বি.এক্স-৫৫১৬৭১০০/৭৫২৪, ৭৪৬৭



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

ক্রমিক নং	এলাকা/ভবন-এর বিবরণ	ভাড়ার হার (মাসিক)
৮.	৭২ নং ভবন (এ বাসাগুলোতে কমন এন্ট্রি আছে)	৪.০০ টাকা/ বর্গফুট
৯.	৭১ নং ভবন (এ বাসাগুলোতে কমন এরিয়া আছে এবং প্রতিটিতে ৩টি পরিবার বসবাস করে)	৩.৮০ টাকা/ বর্গফুট
১০.	১৮ ও ১৯ নং টিনশেড	২.০০ টাকা/ বর্গফুট
১১.	শহীদ স্মৃতি হলের শিক্ষক ব্লকের এবং ৪৭ নং ভবনের শিক্ষিকাগণের কক্ষ	১২০০.০০ টাকা/কক্ষ
১২.	৪৪ নং ডরমিটরী ভবনের সীট	৮০.০০ টাকা/সীট

- ৪) যে কোন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী যখনই বর্গফুট/কক্ষ/সীট হিসাবে বাড়ী ভাড়া দেবেন, তখন থেকেই কম্পট্রোলার অফিস কর্তৃক প্রকৌশল অফিস হতে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী সংশ্লিষ্ট গ্রুপে তাঁর পদমর্যাদার সাথে সামঞ্জস্যপূর্ণ বাসায় (যার ভাড়া বর্গফুট/কক্ষ/সীট হিসেবে প্রদেয় নয়) যাওয়ার জন্য তাঁর চেষ্টা সম্পর্কিত তথ্য নিয়মিতভাবে সংগ্রহ করে তদানুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে।

এ আদেশ ০১/০৫/২০১৮ তারিখ থেকে কার্যকর হবে।

স্বাঃ/৮
(প্রকৌশলী মোঃ নুরুল মোমেন)
প্রধান প্রকৌশলী

নং তথ্র/ এইচ-১৩/২০১৭/ই- ৬৬৬/১০০

তারিখ : ১৬/৫/১৮

অনুলিপি : সদয় অবগতি, সংশ্লিষ্টগণের মধ্যে প্রচার ও প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

- ১। রেজিস্ট্রার, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। কম্পট্রোলার, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৩। সকল ডীন মহোদয়, সকল অফিস প্রধান/বিভাগীয় প্রধান/পরিচালকবৃন্দ/হল প্রধান/শাখা প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৪। সভাপতি, বাসা বন্টন কমিটি গ্রুপ-এ/বি/সি/ডি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৫। পি এস টু ভি.সি বাঃ প্রঃ বিঃ, ঢাকা- মাননীয় ভি.সি মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। সকল গ্রুপের বাসা বন্টন ফাইল।

স্বাঃ/৮
(ডঃ প্রকৌশলী এ.কে.এম. জাহাঙ্গীর আলম, পিইঞ্জ)
সিনিয়র নির্বাহী কর্মকর্তা (অঃ দাঃ)